

পূর্বপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১৯.০০৪.২০-৬৫৫


তারিখ: ১১ মে, ২০২০ খ্রিষ্টাব্দ
২০ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিত করণ

দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে অফিসতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয় ও অধিনস্থ দপ্তর/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যবিধি পালন নিশ্চিতকরণের নিমিত্ত সংযুক্ত স্বাস্থ্য বিধি বাস্তবায়নের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

সংযুক্ত বর্ণনামতে,

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৭৭৯৬৫
admin1@hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১৯.০০৪.২০-৬৫৫

তারিখ: ১১ মে, ২০২০ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (কোষ্ঠভার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব/সচিব/ ডায়েরির সচিব,.....
মন্ত্রণালয়/বিভাগ.....।
- ২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। বিভাগীয় কমিশনার,.....।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে।
- ৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইট প্রকাশের অনুরোধসহ)।
- ১০। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১১। পাইরেিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব

স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা:

- (১) প্রয়োজনীয় সংখ্যক জীবানুমুক্তকরণ ট্যানেল স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য পূর্ণ মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করা যেতে পারে
- (২) অফিস চালু করার পূর্বে অবশ্যই প্রতিটি অফিস কক্ষ/আগিনা/রাস্তাঘাট জীবানুমুক্ত করতে হবে।
- (৩) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের শরীরে তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে।
- (৪) অফিস পরিবহনসমূহ অবশ্যই শতভাগ জীবনাশক দিয়ে জীবানুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় পারস্পরিক ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।
- (৫) সার্জিক্যাল মাস্ক শুধু একবার (One time) হিসাবে ব্যবহার করা যাবে। কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে।
- (৬) যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- (৭) খাওয়ার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখতে হবে।
- (৮) প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবানুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।
- (৯) অফিসসমূহে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
- (১০) কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- (১১) কর্মকর্তা/কর্মচারীদের করোনা (COVID-19) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে। ডিজিটেল টিম এর মাধ্যমে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে।
- (১২) দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে।
- (১৩) কোন কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন/কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করতে হবে।

